অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/3/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এপ্রিলকে যৌন নিপীড়ন সচেতনতা মাস ঘোষণা করে ঘোষণাপত্র জারি করলেন

গৃহ নির্যাতন প্রতিরোধ অফিস এবং জেনারেল সার্ভিসেস অফিস একত্রে নিউ ইয়র্ক স্টেটের ডেনিম দিবস প্রদর্শনীর আয়োজন করছে

গৃহ নির্যাতন প্রতিরোধ অফিস পাবলিক "ডেটিং ইন দ্য ডিজিটাল" সোশ্যাল মিডিয়া ক্যাম্পেইন, কর্মীদের জন্য সাপ্তাহিক 'যৌন সহিংসতা 101' প্রশিক্ষণ শুরু করেছে

ঘোষণাপত্রটি এখানে পড়ুন

গভর্নর ক্যাথি হোকল এপ্রিলকে নিউ ইয়র্ক স্টেটে যৌন নিপীড়ন সচেতনতা মাস (Sexual Assault Awareness Month) হিসেবে স্বীকৃতি দিয়েছেন, স্টেটব্যাপী ঘোষণাপত্র জারি করেছেন। ঘোষণাটির সাথে মিল রেখে নিউ ইয়র্ক স্টেটের গৃহ নির্যাতন প্রতিরোধ অফিস (Prevention of Domestic Violence Office, OPDV) জেনারেল সার্ভিসেস অফিসের (Office of General Services, OGS) সাথে অংশীদারিত্বে নিউ ইয়র্ক স্টেট ডেনিম দিবস প্রদর্শনীর (New York State Denim Day Exhibit) আয়োজন করবে, এবং কৃত্রিম বুদ্ধিমত্তা (Artificial Intelligence, AI) এবং অনলাইন ব্ল্যাকমেল সম্পর্কে সচেতনতা প্রচার করে এমন নিরাপদ অনলাইন ডেটিং অভ্যাস বিষয়ক তাদের "ডেটিং ইন দ্য ডিজিটাল" সোশ্যাল মিডিয়া ক্যাম্পেইন শুরু করবে। পাশাপাশি, OPDV একটি সাপ্তাহিক 'যৌন সহিংসতা 101' সচেতনতা প্রশিক্ষণ ঘোষণা করেছে।

"যৌন নিপীড়নের বিরুদ্ধে লড়াইয়ের জন্য এইসব সমস্যার গাম্ভীর্য এবং ভুক্তভোগীরা নিরাপদ অনুভব করবে এমন পরিবেশ তৈরির জন্য সামগ্রিক দায়িত্ব অনুধাবন করা আমাদের জন্য আবশ্যক," **গভর্নর হোকল বলেন।** "আমরা এপ্রিলকে যৌন নিপীড়ন সচেতনতা মাস হিসেবে চিহ্নিত করছি, এবং আমাদেরকে অবশ্যই পুরো নিউ ইয়র্ক স্টেটের ভুক্তভোগীদের সমর্থন করা এবং এইসব সমস্যাকে সকলের সামনে আনতে আওয়াজ উঠানোর জন্য তাদেরকে উৎসাহিত করা অব্যাহত রাখতে হবে।"

25 বছরের বেশি সময় আগে একটি আদালতের রায়ের পরবর্তীতে আন্তর্জাতিক ডেনিম দিবস প্রতিষ্ঠিত হয়, রায়টিতে 18 বছর বয়সের একজনকে আক্রমণ করা ব্যক্তি তাকে দোষী সাব্যস্ত করা রায় পাল্টে দিয়েছিলো এই বলে যে তার পক্ষে অপরাধের শিকার ব্যক্তির সহায়তা ছাড়া তার জিন্স অপসারণ করা সম্ভব ছিলো না। এই রায় বিশ্বব্যাপী প্রতিবাদের সৃষ্টি করে, এবং সারা বিশ্বের

নারীরা ভুক্তভোগীদের সাথে একাত্মতা প্রকাশ করে ডেনিম জিন্স পরিধান করে। 23 এপ্রিল থেকে 25 এপ্রিল এম্পায়ার স্টেট প্লাজা কনকোর্সে নিউ ইয়র্ক স্টেট ডেনিম দিবস প্রদর্শনীটি দেখার জন্য উপলভ্য থাকবে।

এছাড়াও OPDV "ডেটিং ইন দ্য ডিজিটাল" সোশ্যাল মিডিয়া ক্যাম্পেইন শুরু করছে, যেখানে বিশেষ সোশ্যাল মিডিয়া প্রোফাইল ফিল্টার থাকবে যা ভুক্তভোগীদের প্রতি নিজেদের সমর্থন প্রদর্শন করতে এবং সম্প্রদায়ের অন্যদেরকে ডিজিটাল দুনিয়ার যৌন শোষণ এবং সহিংসতা সম্পর্কে শিক্ষিত করতে সকলে ডাউনলোড ও শেয়ার করতে পারবে। প্রত্যেক ফিল্টারে অত্যাচারের একটি ভিন্ন ধরনকে তুলে ধরবে। পুরো এপ্রিল মাসে এবং তার পরেও OPDV এর ওয়েবসাইটে ফিল্টারগুলি ডাউনলোডের জন্য উপলভ্য থাকবে। ফিল্টার সম্পর্কে আরো তথ্য এবং সেগুলি কীভাবে আপলোড করা যাবে সেই সম্পর্কে একটি টিউটোরিয়াল এখানে পাওয়া যাবে।

পরিশেষে, এছাড়াও OPDV 'যৌন সহিংসতা 101' এর আয়োজন করবে, এটি স্থানীয় সামাজিক সেবা জেলা, বেসরকারি অলাভজনক এজেন্সি, মিউনিসিপ্যালিটি ইত্যাদিতে কর্মরত, লিঙ্গভিত্তিক ও যৌন সহিংসতার ভুক্তভোগীদের সাহায্য করতে কাজ করা কর্মী, সুপারভাইজার, এবং প্রশাসকদের জন্য সাপ্তাহিক এক ঘণ্টার ভার্চুয়াল প্রশিক্ষণ কোর্স। এই ওয়েবভিত্তিক প্রশিক্ষণটি হলো লিঙ্গভিত্তিক এবং যৌন সহিংসতা সম্পর্কে একটি মৌলিক সূচনা, যেখানে সংজ্ঞা, সম্মতির সংজ্ঞা এবং পরিসংখ্যান থাকবে।

নিউ ইয়র্ক স্টেট গৃহ নির্যাতন প্রতিরোধ অফিসের নির্বাহী পরিচালক কেলি ওয়েন্স বলেন, "নতুন মানুষের সাথে পরিচিত হওয়ার সহজতম পন্থা হিসেবে অনলাইন ডেটিং এবং ইন্টারনেট ব্যবহারের জনপ্রিয়তা বৃদ্ধি পেয়ে চলেছে, তাই ডেটিং এবং সম্মতি কীরকম হবে তা আমাদেরকে অবশ্যই পুনরায় সংজ্ঞায়িত করতে হবে এবং একই সাথে তাদের সম্ভাব্য বিপদের সমাধান করতে হবে। এই যৌন নিপীড়ন সচেতনতা মাসে, নিউ ইয়র্কবাসীকে যৌন শোষণ এবং ডিপফেকের মতো AI দ্বারা তৈরি ছবি ও রেকর্ডিং সম্পর্কে শিক্ষাদান করা, এবং একই সাথে অনলাইনে স্বাস্থ্যকর আচরণের প্রচারের জন্য OPDV নিবেদিত। এইসব সমস্যায় তীব্রতা অনুধাবন করার পাশাপাশি লিঙ্গভিত্তিক সহিংসতার মোকাবেলা যাতে সকল নিউ ইয়র্কবাসীর জন্য সম্মুখসারিতে থাকে তা নিশ্চিত করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "যৌন নিপীড়ন একটি মারাত্মক জনস্বাস্থ্য সমস্যা যার কারণে ভুক্তভোগীর বিপর্যয় সৃষ্টিকারী এবং সারা জীবনের স্বাস্থ্য প্রতিক্রিয়া দেখা দিতে পারে, যা তাদের শারীরিক, আবেগিক এবং মনস্তাত্ত্বিক সুস্থতাকে আক্রান্ত করবে। এছাড়াও এই নিপীড়ন যৌন নিপীড়নের ভিকটিমের পরিবার, বন্ধু এবং সহকর্মীদের প্রভাবিত করে এবং যৌন সহিংসতার ভুক্তভোগীকেন্দ্রিক এবং সাংস্কৃতিকভাবে সংবেদনশীল সাড়াদান করার জন্য এবং একই সাথে নিউ ইয়র্ক স্টেটে জনস্বাস্থ্য সাড়াদান সম্প্রসারিত ও উন্নত করার জন্য স্টেটের স্বাস্থ্য বিভাগ (State Health Department) প্রতিশ্রুতিবদ্ধ।"

শিশু ও পরিবার পরিষেবা অফিসের (Office of Children and Family Services, OCFS) ভারপ্রাপ্ত কমিশনার সুজান মাইলস-গুস্তাভ বলেন, "যৌন সহিংসতা নির্মূল করার প্রতি নিউ

ইয়র্ক স্টেটের প্রতিশ্রুতি পাকাপোক্ত কার জন্য আজকে গৃহ নির্যাতন প্রতিরোধ অফিসের সাথে যোগদান করতে পেরে আমি আনন্দিত। যৌন নিপীড়নের প্রাদুর্ভাব সম্পর্কে, বিশেষ করে ডিজিটাল স্থানে, সচেতনতা বৃদ্ধির জন্য ব্যক্তি, সম্প্রদায় এবং সংগঠন হিসেবে আমাদের সকলকে অবশ্যই একত্রে কাজ করতে হবে।এছাড়াও আমাদেরকে গৃহ নির্যাতন, তরুণদের মধ্যে ডেটিং সহিংসতা, যৌন শোষণ ও পাচারের মতো এমন নিপীড়ন প্রতিরোধ করার ব্যাপারে সহযোগিতামূলক কাজ করতে হবে। নিপীড়ন যে কোনোমতেই তাদের দোষ নয় তা নিয়ে যৌন নিপীড়নের শিকার হওয়া কমবয়সীদের ও তাদের কেয়ারগিভারদের আশ্বস্ত করার ক্ষেত্রে সহায়তা করা, এবং তাদের নিরাময়ে সাহায্য করার সংস্থান ও সেবার একটি নেটওয়ার্ককে OCFS সমর্থন করে।"

অস্থায়ী এবং অক্ষমতা সহায়তা অফিসের (Office of Temporary and Disability Assistance, OTDA) ভারপ্রাপ্ত কমিশনার বারবারা সি গুইন বলেন, "যৌন নিপীড়ন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং ভুক্তভোগীদের তাদের স্থিতিস্থাপকতা ও শক্তির জন্য সম্মান জানাতে সাহায্য করার জন্য গভর্নর হোকল ও স্টেট সরকারে আমাদের সহকর্মীদের সাথে যোগদান করতে পেরে আমি আনন্দিত। এছাড়াও যৌন সহিংসতার শিকার ব্যক্তিদের ভুক্তভোগীকেন্দ্রিক, ট্রমা অবগত, এবং সাংস্কৃতিকভাবে প্রতিক্রিয়াশীল সেবা প্রদান করার জন্য আমাদের যেসব স্থানীয় সামাজিক সেবা কর্মী অংশীদারদের উপর নির্ভর করা হয়, তাদেরকে আরেকবার এই মূল্যবান প্রশিক্ষণ প্রদান করার জন্য আমরা OPDV এর প্রতি কৃতজ্ঞ।"

ভিকটিম পরিষেবা অফিসের (Office of Victim Services, OVS) ভারপ্রাপ্ত পরিচালক এবং কাউন্সেল জন ওয়াটসন বলেন, "যৌন নিপীড়নের শিকার হওয়া ব্যক্তিরা যাতে তাদের প্রয়োজনমতো সেবা ও সমর্থন পেতে পারে তা নিশ্চিত করার জন্য আমরা প্রতিশ্রুতিবদ্ধ, এবং ভুক্তভোগীদের সমর্থনের প্রতি তার অবিচল প্রতিশ্রুতির জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস বিভাগের (Division of Criminal Justice Services, DCJS) কমিশনার রোসানা রোসাডো বলেন, "প্রযুক্তির প্রচলন আমাদের জীবনের প্রতিটি দিক বদলে দিয়েছে। অনলাইন ডেটিংয়ের বিপদ এবং প্রযুক্তির সহায়তায় সংঘটিত অপরাধ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা, এবং নিজেদের ব্যক্তিগত নিরাপত্তা আরো ভালোভাবে নিশ্চিত করতে বুদ্ধিমান সিদ্ধান্ত গ্রহণ করার জন্য তথ্যের দ্বারা নিউ ইয়র্কবাসীর ক্ষমতায়নের জন্য আমি OPDV এর প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক স্টেটের গৃহ ও যৌন সহিংসতা হটলাইন 24/7 বিনামূল্যে, গোপনীয় সেবা প্রদান করে এবং এটি অধিকাংশ ভাষায় উপলভ্য আছে: 800-942-6906 (ফোন), 844-997-2121 (টেক্সট) বা @opdv.ny.gov (চ্যাট)। এছাড়াও ব্যক্তিরা নিজেদের সম্প্রদায়ে একটি ভিকটিম সহায়তা কর্মসূচি খোঁজার জন্য www.ovs.ny.gov/connect ভিজিট করতে পারে। ভিকটিম সেবা অফিস পুরো স্টেটে 239টি সম্প্রদায়ভিত্তিক কর্মসূচির অর্থায়ন ও সমর্থন করে যারা গৃহনির্যাতন ও যৌন নির্যাতন এবং অন্যান্য অপরাধের ভিকটিম, ভুক্তভোগী, এবং তাদের পরিবারের সঙ্কট কাউন্সেলিং, সাপোর্ট গ্রুপ, কেস ব্যবস্থাপনা, জরুরি আশ্রয়, সিভিল আইনি সাহায্য, এবং স্থানান্তর সহায়তা ইত্যাদি সহায়তার মতো অত্যাবশ্যকীয় সেবা প্রদান করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন